পেশেন্ট পারটিসিপেশন গ্রুপ (পিপিজি)
২৮।০৪।১৫ তারিখে হোয়াইটচ্যাপেল হেলথ্‌সেন্টারে অনুষ্ঠিত
মিটিঙ্গের লিখিত বিবরন

উপস্থিত ছিলেনঃ	
ডাঃ হাসনাইন আব্বাসী	পরিচালক (ডাইরেক্টর) এটি মেডিকস্‌
এড রোযেন (চেয়ার)	ডাইরেক্টর অব পেশেন্ট এক্সপিরিয়েন্স, এনগেজম্যান্ট এন্ড কমিউনিটি
আফরোজা আখতার (মিনিটস/বিবরন)	প্র্যাকটিস ম্যানেজার
শাফকাত এযদি	প্র্যাক্টীর দোভাষী (ইন্টারপ্রেটার)
৬৪৩,৭০৯৭,৭৪৮৪,৩০৮৯,১৬২১,১০২১৭,৪৪৩৬,৪৭৮,৭৯০৬,১৪৮৩০,৯৪০৪,৮৮৪০, ৯০৮৭	উপস্থিত রোগীবৃন্দ
উপস্থিত ছিলেন	
এট্রাক্টা আসিকা	সহকারী প্রধান প্রাইমারী কেয়ার কমিশন
অনুপস্থিতির জন্য দুঃক্ষ প্রকাশ	
তারেক রাদওয়ান	পরিচালক (ডাইরেক্টর)

সংখ্যা	আলোচনার বিষয় সমূহ (এজেন্ডা আইটেম)	করণীয় বিষয়
১।	এ্যপয়ন্টমেন্টসঃ ডাঃ হাসনাইন আব্বাসী সবাইকে স্বাগতম জানালেন এবং এটি মেডিকস্‌দায়িত্ব নেওয়ার পর সার্জারীতে কি কি পরিবর্তন আনা হয়েছে তার একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। রোগীরা পরামর্শ দেন, যে রোগীরা যদি তিনবারের বেশী এ্যপয়ন্টমেন্টে না আসেন তাহলে তাদের নাম বাতিল করা উচিৎ। ডাঃ আব্বাসী একমত হলেন এবং উপস্থিত রোগীদের জানালেন যে নাম বাতিলের সিদ্ধান্ত নেওয়ার আগে সে ঐ রোগীর চিকিৎসা সংক্রান্ত সকল তথ্য পরীক্ষা করে দেখবে। চিকিৎসকের সাথে সাক্ষাতের সময় ঐ রোগীর সাথে তা আলোচনা করা হবে।	
সংখ্যা	আলোচনার বিষয় সমূহ (এজেন্ডা আইটেম)	করণীয় বিষয়

২।

<u>চাহিদাঃ (ডিমান্ড)</u>

ডাঃ আব্বাসী রোগীদের বললেন যে এই সার্জারীতে চাহিদা অনেক বেশী এবং তা কখনো মেটানো সম্ভব নয়।

এটি মেডিকস্এর চুক্তি (কন্ট্রাক্ট) মূল্য হারলি গ্রুপের চুক্তি মূল্যের

<u>অর্ধেকের সমান।</u>

হোয়াইটচ্যাপেল হেলথ্ইতিমধ্যে আরো এ্যপয়ন্টমেন্ট দিচ্ছে এবং যদি আরো দেওয়া হয় তাহলে সেগুলিও বুক হবে এবং রোগীরা তারপরেও অভিযোগ করবে, যথেষ্ট এ্যাপয়ন্টমেন্ট নাই।

একজন রোগী এক শুক্রবারে তাড়াতাড়ি বন্ধ হওয়া নিয়ে প্রশ্ন করলেন যে তা কি এ্যাপয়ন্টমেন্টের সংখ্যা কমিয়ে করা হয়েছে কিনা।

ডাঃ আব্বাসী রোগীদের জানালেন যে আমরা এক শুক্রবারে তাড়াতাড়ি বন্ধ করি কিন্ত আমরা এ্যাপয়ন্টমেন্ট কমাইনি। আমরা একি পরিমান এ্যাপয়ন্টমেন্ট দিচ্ছি যখন আমরা বেশী সময় খোলা থাকি।

পেশেন্টরা তাদের সন্তুষ্টি প্রকাশ করলেন সকল পরির্বতনের জন্য তবে সার্জারীতে তারা স্থায়ী ডাক্তার চায়।

একজন রোগী জিজ্ঞেশ করলেন যে এটি মেডিকস্দায়িত্ব নেওয়ার শুরুতে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তারা বাংগালী এবং স্থায়ী ডাক্তার রাখবেন। তারা জানতে চায় যে কতজন ডাক্তার আছে। এ্যাপয়ন্টমেন্টের অভাব আছে, কিভাবে উন্নতি হলো?

ডাঃ আব্বাসী ব্যাখ্যা দিলেনঃ

- আমাদের একজন বাঙ্গালী ডাক্তার ছিলেন্ডাক্তার নাফিস হুসেইন যিনি অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত কাজ করেছিলেন। তিনি চলে গেছেন কারন এখানকার রোগীদের চাহিদা অনেক বেশী। রোগীদের চাহিদা আরো বেড়ে যায় যখন চিকিৎসক তাদের ভাষায় কথা বলে।
- আমরা ডাঃ নাফিসের জায়গায় ডাঃ তারিক হককে এনেছি, যিনি জানুয়ারী থেকে প্রতি মংগলবার এবং বৃহস্পতিবার কাজ করছেন। তিনি রোগীদের চাহিদার কারনে অত্যন্ত মানসিক

	চাপ অনুভব করেন এবং তিনি মনে করেন অনুবাদ (ট্রান্সলেট) করা খুবই কঠিন, আমি তাকে পরামর্শ দিয়েছি ইন্টারপ্রেটার ব্যবহার করতে। • আমি এবং ডাঃ রাদওয়ান এসে দুই সপ্তাহ কাজ করেছিলাম যখন রোগীদের চাহিদা পূরণের জন্য সার্জারী এজেন্সী থেকে ডাক্তার আনার জন্য প্রচন্ড চেষ্টা করে যাচ্ছিল। • আমরা বুঝতে পেরেছিলাম যে সোমবারে এ্যাপয়েন্টমেন্টের জন্য বেশী চাহিদা থাকে তাই ডাঃ লুনাকে বৃহস্পতিবার থেকে সোমবারে নিয়ে এসেছি। • ডাক্তারদের সংখ্যা অনেক কম এবং এটা খবরের কাগজে একটা বড় খবর। আমরা সমস্যাগুলি দেখি এবং আমরা আমাদের সর্বত্তম করার চেষ্টা করি। রোগীরা বললেন যে তাদের আপ্রান চেষ্টা তারা বুঝতে পারে কিন্তু এটা তাদের জন্যও কঠিন। একজন রোগী পরামর্শ দেন যে, যদি একজন স্থায়ী ডাক্তার আসেন এবং কাজ করেন, যেহেতু অনেক ডাক্তার এখানে আসতে এবং কাজ করতে চান না। ডাঃ আব্বাসী বললেন যে, তাদের পরিকল্পনা আছে যে সামনের মাস থেকে একজন পরিচালক (ডাইরেক্টর) সপ্তাহে একদিন করে হোয়াইট চ্যাপেল সার্জারীতে আসবেন এবং কাজ করবেন।	
	এট্রাক্টা – কমিশনিং ম্যানেজার এন এইচ এস ইংল্যান্ড এট্রাক্টা সবাইকে স্বাগত জানালেন এবং বললেন যে রোগীদের গ্রুপের সাথে একসাথে হতে পেরে তার খুব ভালো লাগছে। এট্রাক্টা বললেন যে, সে হোয়াইট চ্যাপেল হেলথ্‌সেন্টারের সাথে ২০১৩ সাল থেকে জড়িত। সে রোগীদের আশ্বস্ত করলেন যে, এই মিটিঙ্গে যে সকল সমস্যা তুলে ধরা হয়েছে তা গতানুগতিক এবং এই সব সমস্যাগুলি অন্য সকল সার্জারীতেও তুলে ধরা হচ্ছে। তিনি আরো ব্যাখ্যা দিলেন যে এটি মেডিকস্‌থেকে হারলিকে আরো অনেক বেশী টাকা দেওয়া হয়েছিল সার্জারীকে স্থিতিশীল করার জন্য। এন এইচ এসের কাছে কোন টাকা নাই এই রকম একটা সার্জারীর চাহিদা পূরণের জন্য। এটা খুবই কঠিন এত অল্প টাকা দিয়ে সব চাহিদা পূরণ করা, কেননা এই সার্জারী খুবই দরিদ্র।	

	এট্রাক্টা রোগীদের বললেন যে তিনি ৫ বছর ধরে ইষ্ট লন্ডনে আছেন এবং হোয়াইট চ্যাপেল হেলথ্‌এর ব্যপারে তিনি খুব উৎসাহী । গত অক্টোবর থেকে তিনি এত অল্প টাকার মধ্যেও অনেক উন্নতি লক্ষ্য করে আসছেন। তিনি ১৪০ টা সার্জারীর দেখাশুনা করে এবং সে এত উন্নতি কখনো দেখেনি। তিনি স্বীকার করেছেন যে সারা দেশ জুড়ে ডাক্তারের এবং এ্যাপয়ন্টমেন্টের স্বল্পতা আছে, কিন্ত আরো বললেন যে রোগীদের এবং সার্জারীর যে কোন অপচয় বন্ধ করতে প্রয়োজন একসাথে কাজ করা। এট্রাক্টা এ টি মেডিক্স এ পর্যন্ত্য যা করেছে তার জন্য তাদের ধন্যবাদ দিলেন এবং বললেন যে তিনি সবসময় আসতে এবং মিটিঙ্গে অংশ গ্রহন করতে ইচ্ছুক কিন্ত কোন কিছুর সমাধানের জন্য কোন যাদুর লাঠি নাই।	
	<u>আলোচনার অন্যান্য বিষয়ঃ</u> ক্লান্ত ও পরিশ্রান্ত জিপি – একজন রোগী বললেন যে, দিনের শেষে জিপিদের খুব পরিশ্রান্ত দেখায় এবং মনে হয় তারা সমস্যাগুলি শুনছেন না। মনে হয় এইগুলি দূর করার জন্য তাদের কোন প্রশিক্ষণে (ট্রেনিং) যাওয়া দরকার? একটি সমস্যা – একজন রোগী বললেন যে তারা কেবলমাত্র একটি সমস্যা নিয়ে ডাক্তারের সাথে আলোচনা করতে পারে। এট্রাক্টা বললেন যে রোগীরা ছোটখাট কিছু অসুখের জন্য ফার্মাসীতে যেতে পারে, এটা সেবা পাওয়ার ব্যাপারে সাহায্য করবে। ভিটামিন ডি – একজন রোগী জিজ্ঞেস করলেন কেন ভিটামিন ডি দেওয়া হয় না। ডাঃ আব্বাসী বললেন যে ভিটামিন ডি টাওয়ার হ্যামলেটের বিষয়, হোয়াইটচ্যাপেল হেলথ্‌এর বিষয় না। অনর্থক এ্যাপয়ন্টমেন্ট – একজন রোগী জিজ্ঞেস করেলেন আমরা কি করতে যাচ্ছি ঐ সকল রোগীদের ব্যাপারে যারা অযথা এ্যাপয়ন্টমেন্ট করে এবং আমরা কিভাবে তাদের এ ব্যাপারে শিক্ষিত করব?	

	এট্রাক্টা রোগীদের বললেন যে আমাদের উচিৎ একটা চুক্তি এবং মত তৈরী করা যে কিভাবে যারা এ্যাপয়ন্টমেন্টে অনুপস্থিত থাকে(ডি এন এ), সেসব রোগীদেরকে কি ভাবে যোগাযোগ করা হবে। একজন রোগী পরা্মর্শ দিলেন যে প্রতি দুই সপ্তাহ পর পর অনুপস্থিতদের (ডি এন এর) সংখ্যা জেয়েক্স বোর্ডে উঠিয়ে দেওয়া হউক।	
	<u>পরবর্তী মিটিঙ্গের তারিখ</u>	